দৈনিক আমাদের সময়

তারিখ ... 16 NOV 2017 ...
পৃষ্ঠা ...2... কলাম ...

সংসদে শিক্ষামন্ত্রী

# অভিভাবকরা রাজি হলেই স্কুলবাস

নিজস্ব প্রতিবেদক ●

রাজধানীসহ বিভাগীয় শহরে যানজট নিয়ন্ত্রণ ও স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াতে বিআরটিসি বাস দিতে প্রস্তুত বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, বিআরটিসি প্রস্তুত আছে; অভিভাবকরা রাজি হলে এখনই গাড়ি দেবে।

গতকাল বুধবার জাতীয় সংসদে নূর-ই হাসনা লিলি চৌধুরীর ৭১ বিধিতে উত্থাপিত নোটিশের জবাব দিতে গিয়ে মন্ত্রী এ কথা বলেন। নোটিশে ঢাকা ও বিভাগীয় শহরগুলোতে স্কুল-কলেজের শিক্ষার্থীদের যাতায়াতের জন্য স্কুলবাস দেওয়ার আহ্বান জানানো হয়। নোটিশের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, রাজধানীসহ বিভাগীয় শহরগুলোর যানজট নিয়ন্ত্রণে প্রায় সাড়ে তিন বছর আগে আমরা স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ও প্রধান শিক্ষক এবং এর সঙ্গে সংশ্লিষ্টদের ডাকি। সেখানে পরিচালনা পরিষদের সভাপতি, ট্রাফিক বিভাগ, বিআরটিএর চেয়ারম্যানসহ আমাদের কর্মকর্তাদের নিয়ে বৈঠক করি। আমরা প্রস্তাব করেছিলাম স্কুলে একক গাড়ি নিয়ে আসা একদিকে ব্যয়বহুল ও যানজট হয়, অন্যদিকে শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়েও সমস্যা দেখা দেয়।

তিনি বলেন, আমাদের সেই প্রস্তাবে প্রথমে দ্বিমত না করলেও পরে কেউ রাজি হননি। আমরা এটিও বলেছিলাম স্কুল-কলেজের বাসগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে। সেই বৈঠকে অনেক অভিভাবক রাজি না হয়ে বরং বলেছিলেন আমার গাড়ি আছে, আমার সন্তান স্কুলে যাবে আমার গাড়িতে।